## ♣ উত্তরপত্র

৩৩তম বিসিএস প্রিলিমিনারি পরীক্ষা

**Total questions : 101 Total marks : 101**

---

1) ‘Succumb’ means –

1)
achieve

✔ 2)
submit

3)
win

4)
conqur

**ব্যাখ্যা :**

succumb _____ দাখিল করা।

- achieve _____ অর্জন করা
- submit _____ দাখিল করা
- win ______ জয়ী হওয়া এবং
- conquer ______ জয় করা।

2)
**যদি $(a/b)^{x-3} = (b/a)^{x-5}$ হয় তবে x এর মান কত ?**

1)
8

2)
3

3)
5

✔ 4)
4

Hello BCS

**ব্যাখ্যা :**

$(a/b)^{x-3} = (b/a)^{x-5}$

$\Rightarrow (a/b)^{x-3} = (a/b)^{5-x}$

=> x-3 = 5-x

=> 2x = 8

=> x = 4

3) কোনটি এন্টিবায়োটিক?

1) ইনসুলিন

2) পেপসিন

✔ 3) পেনিসিলিন

4) ইথিলিন

**ব্যাখ্যা :**

- পেনিসিলিন হচ্ছে এন্টিবায়োটিক। আলেকজান্ডার ফ্লেমিং এটি আবিষ্কার করেন।
- ডায়াবেটিস বা বহুমূত্র রোগটি হয় ইনসুলিন এর অভাবে।
- ফল পাকানোর জন্য দায়ী ইথিলিন

4) শ্রীলঙ্কার মুদ্রার নাম কি?

1) ডলার

2) পাউন্ড

3) টাকা

✔ 4)

Hello BCS

রুপী

**ব্যাখ্যা :**

- শ্রীলঙ্কা - রুপী।
- যুক্তরাষ্ট্র - ডলার।
- যুক্তরাজ্য - পাউন্ড।
- বাংলাদেশ - টাকা।

5) নিচের কোনটি (√5 - √3) এর সমান?

1)
√2

2)
1 / {2 (√5 - √3)}

3)
(1/√5) - (1/√3)

✔ 4)
2/(√3+√5)

**ব্যাখ্যা :**

- (√5 - √3)
- = [{(√5 - √3) × (√5 + √3)} / (√5 + √3)]
- = [{5 - 3} / (√5 + √3)]
- = 2/(√3+√5)

6)
কোনটিকে চুম্বকে পরিণত করা যায়?

1)
তামা

✔ 2)
ইস্পাত

3)
পিতল

Hello BCS

4)
স্বর্ণ

**ব্যাখ্যা :**

- চৌম্বক পদার্থ -------------
- পদার্থের ভাষায়, যেসব পদার্থকে চুম্বক আকর্ষণ করে এবং যাদেরকে চুম্বকে পরিণত করা যায় তাকে চৌম্বক পদার্থ বলে। যেমন -
- লোহা, ইস্পাত, কোবাল্ট, নিকেল ইত্যাদি।

অপশনে থাকা তামা, পিতল, স্বর্ণ,রূপা, কাচ ইত্যাদি অচৌম্বক পদার্থ বলে।

7) “Pass away” means —

1)
disappear

✔ 2)
die

3)
erase

4)
fall

**ব্যাখ্যা :**

‘Pass away’ phrase- টির অর্থ মারা যাওয়া, অক্কা পাওয়া।

- die ______ মারা যাওয়া ।

8) বাংলাদেশের সেন্টমার্টিন দ্বীপ অবস্থিত কোন জেলায়?

1)
চট্টগ্রাম

✔ 2)
কক্সবাজার

3)
ভোলা

Hello BCS

4)
নোয়াখালী

**ব্যাখ্যা :**

বাংলাদেশের একমাত্র প্রবাল দ্বীপ 'সেন্টমার্টিন দ্বীপ'

- কক্সবাজার জেলার সেন্টমার্টিন দ্বীপ বাংলাদেশের সর্ব দক্ষিণ-পূর্বে অবস্থিত।

সেন্টমার্টিন দ্বীপের অপর নাম ‘নারিকেল জিনজিরা’।

9)
'MKS' পদ্ধতিতে ভরের একক --------------

✔ 1)
কিলোগ্রাম

2)
পাউন্ড

3)
গ্রাম

4)
আউন্স

**ব্যাখ্যা :**

- 'MKS' পদ্ধতিতে ভরের একক হচ্ছে কিলোগ্রাম
- 'FPS' পদ্ধতিতে ভরের একক পাউন্ড আবার সিজিএস পদ্ধতিতে ভরের একক গ্রাম।

10) 'ঢাকের কাঠি' বাগধারার অর্থ কি?

1)
কপট ব্যক্তি

2)
ঘনিষ্ঠ সম্পর্ক

3)
হতভাগ্য

✔ 4)

Hello BCS

মোসাহেব

**ব্যাখ্যা :**

- ঢাকের কাঠি /খয়ের খাঁ (তোষামুদে/চাটুকার /মোসাহেব )- সুমন তুমি তো ঢাকের কাঠি, তোমার সাহেব যা বলে তুমি তাই বল।
- হাড়-হাভাতে (হতভাগ্য)- ১২ বছর বয়সী মিলন একেবারে ই হাড়-হাভাতে ছেলে, একমাত্র উপার্জনকারী বাবাও মারা গেল হার্ট অ্যাটাক করে।
- ভিজে বেড়াল (কপটচারী)- সমাজের ভিজে বেড়ালদের চেনা বড় দায়।

11)
৫ জন তাঁত শ্রমিক ৫ দিনে ৫টি কাপড় বুনতে পারেন। একই ধরনের ৭টি কাপড় বুনতে ৭ জন শ্রমিকের কত দিন লাগবে ?

✔ 1)
৫ দিন

2)
২৫/৪৯ দিন

3)
৪৯/২৫ দিন

4)
৭ দিন

**ব্যাখ্যা :**

- ৫ টি কাপড় ৫ জন → ৫ দিনে
- বা, ৫ টি কাপড় ১ জন → (৫×৫) দিনে
- বা, ১ টি কাপড় ১ জন → [(৫×৫)÷৫] দিনে
- বা, ১ টি কাপড় ৭ জন → [(৫×৫)÷(৫×৭)] দিনে
- সুতরাং, ৭ টি কাপড় ৭ জন → [(৫×৫×৭)÷(৫×৭)] দিনে = [১৭৫÷৩৫] দিনে = ৫ দিনে।

12) Choose the best translation of 'কর্তৃপক্ষ তাকে তিরস্কার করলো'—

1)
The authorities criticised him

2)
The authorities took him to book

✔ 3)
The authorities took him to task

4)
The authorities gave reins to him

**ব্যাখ্যা :**

‘Take to task’ অর্থ হলো তিরস্কার করা। সুতরাং ‘কর্তৃপক্ষ তাকে তিরস্কার করল’ বাক্যটির সঠিক অনুবাদ হলো The authorities took him to task.

13) পৃথিবীর গভীরতম স্থান –

1) ভারত মহাসাগর
2) আটলান্টিক মহাসাগর
✔ 3) প্রশান্ত মহাসাগর
4) উত্তর মহাসাগর

**ব্যাখ্যা :** পৃথিবীর বৃহত্তম ও গভীরতম মহাসাগর প্রশান্ত মহাসাগর। এর গভীরতম স্থান মারিয়ানা ট্রেঞ্চ, গভীরতা ১১০৩৩ মিটার।

14) The idiom ‘put up with’ means –

1)
stay together

✔ 2)
tolerate

3)
keep trust

4)
protect

**ব্যাখ্যা :**

tolerate

- ‘Put up with’ phrase টি দ্বারা সহ্য করা

Hello BCS

15)
সংকর ধাতু 'পিতল' এর উপাদান -------------

1)
তামা ও টিন

✔ 2)
তামা ও দস্তা

3)
তামা ও সীসা

4)
তামা ও নিকেল

**ব্যাখ্যা :**

- সংকর ধাতু পিতলের উপাদান দস্তা (জিংক) + তামা। (ট্রিক- দতাপি)
- তামা + টিন = ব্রোঞ্জ

16) 'তুমি আসবে বলে হে স্বাধীনতা
সখিনা বিবির কপাল ভাঙল' এটি কোন বাক্য?

1)
সরল বাক্য

✔ 2)
মিশ্র / জটিল বাক্য

3)
যৌগিক বাক্য

4)
কোনটি নয়

**ব্যাখ্যা :**

- মিশ্র /জটিল বাক্য-
- যে বাক্যে একটি প্রধান খন্ডবাক্যের এক বা একাধিক আশ্রিত বাক্য পরস্পর সাপেক্ষ ভাবে ব্যবহৃত হয় তাকে মিশ্র বা জটিল বাক্য বলে। যেমন-
- একটু আগে যিনি এখানে এসেছিলেন তিনি আমার আত্নীয়'
- চেনার উপায়------------

- সাপেক্ষ সর্বনাম ব্যবহার হবে।
- যে- সে
- যা- তা
- যিনি- তিনি
- যারা- তারা। ইত্যাদি।
- যেমন- তুমি আসবে বলে হে স্বাধীনতা
  সখিনা বিবির কপাল ভাঙল' এটি জটিল বা মিশ্র বাক্য। এখানে সাপেক্ষ ভাব আছে ( তুমি আসবে বলে)।

17) একটি সমকোণী ত্রিভুজের লম্ব ভূমি অপেক্ষা ২ সে. মি. ছোট ; কিন্তু অতিভুজ ভূমি অপক্ষে ২সে. মি. বড়। অতিভুজের দৈর্ঘ্য কত?

✔ 1)
১০ সে.মি.

2)
৮ সে.মি.

3)
৪ সে.মি.

4)
৬ সে.মি.

**ব্যাখ্যা :**

ধরি,
ভূমি = x সে.মি.
তাহলে, লম্ব = x - 2 সে.মি. এবং
অতিভুজ = x + 2 সে.মি.

শর্তমতে,
ভূমি$^2$ + লম্ব$^2$ = অতিভুজ$^2$
$\Rightarrow x^2 + (x-2)^2 = (x+2)^2$
$\Rightarrow x^2 + x^2 - 4x + 4 = x^2 + 4x + 4$
$\Rightarrow x^2 - 8x = 0$
$\therefore x = 8$

$\therefore$ অতিভুজের দৈর্ঘ্য = 8 + 2 = 10

Hello BCS

18) The word 'officialese' means -

1) vague expressions
2) plural number of office
3) plural number of official
✔ 4) language used in offices

ব্যাখ্যা : **Officialese** - the type of language, often used in government documents, that is formal and often difficult to understand.

Source: Cambridge dictionary

19) Noureen will discuss the issue with Nasir ___ phone

1) in

✔ 2) over

3) by

4) on

ব্যাখ্যা :

ফোনের মাধ্যমে কথা হলে over phone ব্যবহৃত হয়।

- যেমন- He requested his friend over phone to join the meeting.

20) 'The French' refers to –

✔ 1) The French people

2) the French Language

3) the French manners

4)

Hello BCS

the French society

**ব্যাখ্যা :** কোন দেশের নামের পূর্বে Article " The " বসলে, দেশের নাম দ্বারা তখন ঐ জাতিকে বুঝায়। উল্লেখিত প্রশ্নে France দেশের নামের পূর্বে The article বসায়, The France দ্বারা France জাতিকে(The France people) বুঝাবে।

21) শালবন বিহার অবস্থিত–

1)
গাজীপুর

2)
রাজবাড়ী

3)
মধুপুর

✔ 4)
কুমিল্লার ময়নামতি পাহাড়ের পাশে

**ব্যাখ্যা :**

কুমিল্লার কাছে কোটবাড়ির বর্তমান বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমী লাগোয়া লালমাই পাহাড়ের মধ্যবর্তী এলাকায় শালবন বিহার অবস্থিত।

- শালবন বিহার ময়নামতির প্রত্নতাত্ত্বিক খনন স্থানগুলো মধ্যে সবচেয়ে গুরুত্বপূর্ণ প্রত্নস্থল।

22) মুজিবনগর কোন জেলায় অবস্থিত?

1)
যশোর

2)
কুষ্টিয়া

3)
চুয়াডাঙ্গা

✔ 4)
মেহেরপুর

**ব্যাখ্যা :**

Hello BCS

১৯৭১ সালের ১০ এপ্রিল মেহেরপুর জেলার মুজিবনগর থেকে জারিকৃত স্বাধীনতার অস্থায়ী সরকার গঠন করা হয়।

- ১৯৭১ সালের ১৭ এপ্রিল মেহেরপুর জেলার বৈদ্যনাথতলার (বর্তমান মুজিবনগর) আম্রাকাকনে অস্থায়ী সরকারের আনুষ্ঠানিক শপথ গ্রহণ অনুষ্ঠিত হয়।

23) কোনটি 'অগ্নি' এর সমার্থক শব্দ নয়?

1)
পাবক

2)
বৈশ্বানর

3)
সর্বশুচি

✔ 4)
প্রজ্বলিত

**ব্যাখ্যা :**

- অগ্নি শব্দের প্রতিশব্দ হল---------
- আগুন, অনল, বহ্নি, হুতাশন, শিখা, পাবক, বিভাবসু, কৃশানু, হেমাগ্নি, বৈনাশ্বর, সর্বশুচি, সর্বভূক, বীতিহোত্র ইত্যাদি।
- সুতরাং অগ্নি শব্দের প্রতিশব্দ নয় প্রজ্বলিত।

24) সার্ক-এর সদস্য দেশ কয়টি?

1)
৬

2)
৭

✔ 3)
৮

4)
৯

**ব্যাখ্যা :**

Hello BCS

সার্কভুক্ত দেশ ৮ টি । দেশগুলো হলো - বাংলাদেশ, ভারত, পাকিস্তান, শ্রীলংকা , নেপাল , ভুটান , মালদ্বীপ ও আফগানিস্তান। ৩ এপ্রিল ২০০৭ সার্কের সর্বশেষ (অষ্টম) সদস্যপদ লাভ করে আফগানিস্তান।

25)
**সালাম সাহেব 373899 টাকা ব্যাংকে রাখলেন। 7½ বছর পর তিনি আসল টাকার 1¼ অংশ সুদ পেলেন। ব্যাংকের সুদের হার কত?**

1)
12½%

✔ 2)
16⅔%

3)
8⅓%

4)
11⅑%

**ব্যাখ্যা :**

সুদ = 373899 × 1¼
= 373899 × 5/4 = 467373.75 টাকা

7½ বা 15/2 বছরের সুদ 467373.75 টাকা
1 বছরের সুদ (467373.75 × 2) / 15 টাকা = 62316.5 টাকা

373899 টাকার 1 বছরের সুদ 62316.5 টাকা
100 টাকার 1 বছরের সুদ (62316.5 x 100)/ 373899 টাকা
= 16⅔ টাকা।

26)
কোনটি মৌলিক পদার্থ?

✔ 1)
লোহা

2)

Hello BCS

ব্রোঞ্জ

3)
পানি

4)
ইস্পাত

**ব্যাখ্যা :**

- মৌলিক পদার্থ ----------
- যেসব পদার্থকে ভাঙলে ঐ পদার্থ ছাড়া অন্য কোনো পদার্থ পাওয়া যায় না কিংবা অন্য কোনো বস্তুতে পরিণত করা যায় না তাকে মৌলিক পদার্থ বলে। যেমন-
- লোহা
- তামা
- সোনা
- অক্সিজেন
- হাইড্রোজেন
- নাইট্রোজেন ইত্যাদি
- অপশনে থাকা পানি, ইস্পাত, ব্রোঞ্জ হচ্ছে যৌগিক পদার্থ।

Hello BCS

27)
'অ্যালটিমিটার' (Altimeter' কি?

1)
তাপ পরিমাপক যন্ত্র

2)
উষ্ণতা পরিমাপক যন্ত্র

3)
গ্যাসের চাপ পরিমাপক যন্ত্র

✔ 4)
উচ্চতা পরিমাপক যন্ত্র

**ব্যাখ্যা :**

- কিছু গুরুত্বপূর্ণ পরিমাপের একক-

- উষ্ণতা পরিমাপক যন্ত্রের নাম - থার্মোমিটার
- তাপ পরিমাপক যন্ত্রের নাম হচ্ছে - ক্যালরিমিটার
- গ্যাসের চাপ পরিমাপক যন্ত্রের নাম - ম্যানোমিটার
- উচ্চতা পরিমাপক যন্ত্রের নাম হচ্ছে - অ্যালটিমিটার।

28) ১, ১, ২, ৩, ৫, ৮, ১৩, ২১, __________ ধারার ১০ম পদটি কত?

1)
৩৪

✔ 2)
৫৫

3)
৪৮

4)
৬৪

**ব্যাখ্যা :**

- ৩য় পদ : ১+১ = ২
- ৪র্থ পদ : ২+১ = ৩
- ৫ম পদ : ৩+২ = ৫
- ৬ষ্ঠ পদ : ৫+৩ = ৮
- ৭ম পদ : ৮+৫ = ১৩
- ৮ম পদ : ১৩+৮ = ২১
- ৯ম পদ : ২১ +১৩ = ৩৪
- ১০ম পদ : ৩৪ +২১ = ৫৫

29) গীতাঞ্জলির ইংরেজি অনুবাদ সম্পাদনা করেন-----

1)
এজরা পাউন্ড

2)
টি.এস ইলিয়ট

✔ 3)
ডব্লিউ.বি.ইয়েটস

4)

Hello BCS

কীটস

**ব্যাখ্যা :**

- রবীন্দ্রনাথ ঠাকুরের 'গীতাঞ্জলি' কাব্যগ্রন্থটি 'Song Offerings' নামে ইংরেজিতে অনূদিত হয়। এতে মোট ১৫৭টি কবিতা রয়েছে। এই কাব্যগ্রন্থের ইংরেজি অনুবাদ / এর ভূমিকা লিখেছেন W.B Yeats.

30) বাংলাদেশের প্রথম প্রধান সেনাপতি কে ছিলেন?

1)
মেজর জেনারেল জিয়াউর রহমান

2)
মেজর জেনারেল সফিউল্লাহ

3)
লেফটেন্যান্ট জেনারেল এইচ. এম. এরশাদ

✔ 4)
জেনারেল আতাউল গণি ওসমানী

**ব্যাখ্যা :**

১৯৭১ সালের ১০ এপ্রিল গঠিত অস্থায়ী সরকারের বাংলাদেশ সশস্ত্রবাহিনী ও মুক্তিবাহিনীর প্রধান সেনাপতি হিসেবে জে. আতাউল গণি ওসমানিকে দায়িত্ব দেয়া হয়।

31) The expression ‘take into account’ means—

1)
count numbers

✔ 2)
consider

3)
think seriously

4)
assess

**ব্যাখ্যা :** প্রদত্ত phrase 'Take into account ' এর অর্থ হলো বিবেচনা করা । সুতরাং সঠিক উত্তর হলো consider.

Hello BCS

32) কোনটি সঠিক বানান?

1)
নিশিথিনী

2)
নীশিথিনী

✔ 3)
নিশীথিনী

4)
নিশিথিনি

**ব্যাখ্যা :**

- অপশনে শুদ্ধ বানানটি হচ্ছে নিশীথিনী।
- আরো কিছু শুদ্ধ বানান জেনে রাখি- ঊর্ধ্বতন, ঊর্মি, ঊষা, উদ্বাস্তু, উৎকর্ষ, উন্মীলিত, উপর্যুক্ত, উত্যক্ত, উদ্ভূত, উপলক্ষ্য, উচ্ছৃঙ্খল, উদগিরণ।

33) সম্প্রতি (২০১২) কোলকাতা ফিল্ম ফেস্টিভ্যালে পুরস্কারপ্রাপ্ত বাংলাদেশী ছবি–

1)
স্টপ জেনোসাইড

2)
ওরা এগার জন

✔ 3)
গেরিলা

4)
আবার তোরা মানুষ হ

**ব্যাখ্যা :**

২০১১ সালের ১০-১৭ নভেম্বর ভারতের কোলকাতায় অনুষ্ঠিত ১৭ তম কোলকাতা ফিল্ম ফেস্টিভাল উৎসবের সেরা চলচ্চিত্রের পুরস্কার নেটপ্যাক (নেটওয়ার্ক ফর দ্য প্রমোশন অব এশিয়ান সিনেমা) লাভ করে বাংলাদেশের মুক্তিযুদ্ধের ওপর নির্মিত চলচ্চিত্র ‘গেরিলা’।

- ছবিটি পরিচালনা করেছেন নাসির উদ্দিন ইউসুফ।

Hello BCS

34) কোনটি নবায়নযোগ্য শক্তির উৎস?

✔ 1)
সূর্যের আলো

2)
পীট কয়লা

3)
প্রাকৃতিক গ্যাস

4)
পেট্রোল

**ব্যাখ্যা :**

- নবায়নযোগ্য শক্তির উৎস ------- ;
- যেসব শক্তির উৎস ফুরায় না এবং বারবার ব্যবহার করা যায় তাদেরকে নবায়নযোগ্য শক্তির উৎস বলে। যেমন-
- সূর্যের আলো
- পানি
- বায়ু ইত্যাদি
- অপশনে পেট্রোল, প্রাকৃতিক গ্যাস ও পীট কয়লা হচ্ছে অনবায়নযোগ্য শক্তির উৎস।

35) পৃথিবীর গভীরতম হ্রদ কোনটি?

1)
কাস্পিয়ান

✔ 2)
বৈকাল

3)
মানস সরোবর

4)
ডেড সী (Dead Sea)

**ব্যাখ্যা :**

বৈকাল হ্রদ রাশিয়ার সাইবেরিয়ার দক্ষিণভাগে অবস্থিত একটি সুপেয় পানির হ্রদ। এটি বিশ্বের গভীরতম হ্রদ। ১৯৯৬ সাল ইউনেস্কো এটিকে ৭৫৪ তম বিশ্ব ঐতিহ্য হিসেবে ঘোষণা করে।

Hello BCS

36) ইন্টারনেট চালু হয় –

1) ১৯৫৯
2) ১৯৬৫
✔ 3) ১৯৬৯
4) ১৯৮১

**ব্যাখ্যা :** ইন্টারনেটের জনক ভিনটন জি কার্ফ। ৪ জুন ১৯৯৬ বাংলাদেশে ইন্টারনেট চালু হয়।

37) বাংলাদেশের সর্বাধিক বৈদেশিক মুদ্রা অর্জনকারী বিষয় কি?

1) প্রবাসী শ্রমিক

✔ 2) রেডিমেড গার্মেন্টস

3) পাট

4) চামড়া

**ব্যাখ্যা :**

বাংলাদেশ রপ্তানি উন্নয়ন ব্যুরো প্রদত্ত তথ্য অনুসারে বাংলাদেশের সর্বাধিক বৈদেশিক মুদ্রা অর্জকারী খাত বা বিষয় হলো রেডিমেড গার্মেন্টস বা পোশাক পণ্য।

38) ‘Call to mind’ means —

1) fantasize

2) attend

✔ 3) remember

4) request

**ব্যাখ্যা :**

Hello BCS

Call to mind একটি Phrase যার অর্থ হল remember বা স্মরণ করা, স্মরণ রাখা

39) 'গৃহী' শব্দের বিপরীত শব্দ কোনটি?

1)
সংসারী

2)
সঞ্চয়ী

3)
সংস্থিতি

✔ 4)
সন্ন্যাসী

**ব্যাখ্যা :**

- সন্ন্যাসী শব্দের অর্থ হল গৃহ ত্যাগ করে ধ্যানে আত্মনিয়োগ করা, কোন বিষয়ে একাগ্রতা প্রকাশ করা। গৃহী বা গৃহমুখী এর বিপরীত শব্দ হল সন্ন্যাসী।

40)
একটি সাবানের আকার ৫ সে. মি. × ৪ সে. মি. × ১.৫ সে. মি. হলে ৫৫ সে. মি. দৈর্ঘ্য, ৪৮ সে. মি. প্রস্থ এবং ৩০ সে. মি. উচ্চতাবিশিষ্ট একটি বাক্সের মধ্যে কতটি সাবান রাখা যাবে?

✔ 1)
২৬৪০ টি

2)
১৩২০ টি

3)
৩৬০০ টি

4)
৫২৮০

**ব্যাখ্যা :**

**সাবানের আয়তন = (৫×৪×১.৫) ঘন সে.মি = ৩০ ঘন সে.মি.**
**বাক্সের আয়তন = (৫৫×৪৮×৩০) ঘন সে.মি = ৭৯২০০ ঘন সে.মি.**
**সাবান রাখা যাবে= (৭৯২০০÷৩০) টি = ২৬৪০ টি ।**

Hello BCS

41) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের 'বিষবৃক্ষ' উপন্যাসের চরিত্র কোনটি?

✔ 1)
কুন্দনন্দিনী

2)
শ্যামাসুন্দরী

3)
বিমলা

4)
রোহিনী

**ব্যাখ্যা :**

- সাহিত্য সম্রাট বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের 'বিষবৃক্ষ' উপন্যাসটি হল সামাজিক উপন্যাস। এই উপন্যাসের বিখ্যাত চরিত্র গুলো হল-
- কুন্দনন্দিনী
- হীরা
- নগেন্দ্র
- সূর্যমুখী
- রোহিনী হল তার রচিত 'কৃষ্ণকান্তের উইল' বিখ্যাত চরিত্র।

42) এশিয়া কাপ ক্রিকেট, ২০১২ কোন স্টেডিয়ামে অনুষ্ঠিত হয়?

1)
বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়াম

✔ 2)
শেরে বাংলা জাতীয় স্টেডিয়াম

3)
বাংলাদেশ আর্মি স্টেডিয়াম

4)
রাজশাহী স্টেডিয়াম

**ব্যাখ্যা :**

২০১২ সালের ১১ - ২২ মার্চ ১১তম এশিয়া কাপ ক্রিকেট বাংলাদেশের মিরপুর শেরে বাংলা জাতীয় স্টেডিয়ামে অনুষ্ঠিত হয়।

Hello BCS

43) ইউরি গ্যাগারিন মহাশূন্যে যান------------

1)
১৯৫৬ সালে

✔ 2)
১৯৬১ সালে

3)
১৯৬৪ সালে

4)
১৯৬৯ সালে

**ব্যাখ্যা :**

- ১২ এপ্রিল, ১৯৬১ সালে ভোস্টক-১ এ চড়ে বিশ্বের প্রথম নভোচারী হিসেবে মহাশূন্যে যাত্রা করেন রাশিয়ার ইউরি গ্যাগারিন।

44) একটি ত্রিভুজের দুটি কোণের পরিমাণ ৩৫° ও ৫৫°। ত্রিভুজটি কোন ধরনের?

✔ 1)
সমকোণী

2)
সমবাহু

3)
সমদ্বিবাহু

4)
স্থূলকোণী

**ব্যাখ্যা :**

ত্রিভুজের তিন কোণের সমষ্টি দুই সমকোণ।
ত্রিভুজটির তৃতীয় কোণের পরিমাণ = [১৮০° - (৫৫° +৩৫°)] = ৯০°
সুতরাং, ত্রিভুজটি সমকোণী।

45) (x-y, 3) = (0, x+2y) হলে (x,y) = কত ?

✔ 1)
(1,1)

Hello BCS

2)
(1,3)

3)
(-1,-1)

4)
(-3,1)

**ব্যাখ্যা :**

- দেওয়া আছে, (x-y, 3) = (0, x+2y)

অর্থাৎ,

- x-y = 0 ----- (i)
- x+2y = 3 ----- (ii)

(i) নং হতে পাই,

- x=y ----- (iii)

(iii) নং এ x এর মান (ii) নং এ বসিয়ে পাই,

- y+2y = 3
- বা, y = 1 ----- (iv)

(iv) নং হতে y এর মান (i) নং এ বসিয়ে পাই,

- x = 1

সুতরাং, (x,y) = (1,1)

46) কোনটি কোলন?

1)
;

✔ 2)
ঃ

3)
=

4)

Hello BCS

" "

**ব্যাখ্যা :**

বাংলা ব্যাকরণে যতিচিহ্ন মোট ১২টি। এর মধ্যে কোলন (:ঃ) একটি। শব্দ সংক্ষেপ করে বুঝাতে ব্যবহার করা হয়। যেমন- বিঃদ্রঃ

47)
২০১৪ সালে বিশ্বকাপ ফুটবল কোথায় অনুষ্ঠিত হবে?

1)
লন্ডন

2)
বার্লিন

✔ 3)
ব্রাজিল

4)
আর্জেন্টিনা

**ব্যাখ্যা :**

২০১৪ সালের ১২ জুন -১৩ জুলাই ব্রাজিলে অনুষ্ঠিত হয় ২০তম বিশ্বকাপ ফুটবল। উল্লেখ্য , ২০১৮ সালে রাশিয়ায় ২১তম বিশ্বকাপ ফুটবল অনুষ্ঠিত হয় এবং ২০২২ সালে কাতারে ২২তম বিশ্বকাপ ফুটবল অনুষ্ঠিত হবে।

48) বিগব্যাং তত্ত্বের প্রবক্তা কে?

1)
আইনস্টাইন

✔ 2)
জি. ল্যামেটর

3)
স্টিফেন হকিং

4)
গ্যালিলিও

Hello BCS

ব্যাখ্যা :

- বিগব্যাং থিওরি সম্পর্কে প্রাথমিক ধারণা দেন জি. ল্যামেটর। এজন্য তাকে বিগব্যাং তত্ত্বের প্রবক্তা বলা হয়। তবে এর আধুনিক ব্যাখ্যা প্রদান করেন 'A Brief History of Time' গ্রন্থের লেখক ও বিজ্ঞানী স্টিফেন হকিংস।

49)
Some writer sink __ oblivion in course of time.

1)
on

2)
from

3)
under

✔ 4)
into

50)
ভারী পানির রাসায়নিক সংকেত কি?

1)
$2H_2O$

2)
$H_2O$

✔ 3)
$D_2O$

4)
$HD_2O_3$

ব্যাখ্যা :

- ভারী পানির রাসায়নিক সংকেত হল $D_2O$.

Hello BCS

51) একটি রম্বসের কর্ণদ্বয়ের দৈর্ঘ্য ৮ সে. মি. ও ৯ সে. মি.। এই রম্বসের ক্ষেত্রফলের সমান ক্ষেত্রফলবিশিষ্ট বর্গক্ষেত্রের পরিসীমা কত?

✔ 1)
২৪ সে. মি.

2)
১৮ সে. মি.

3)
৩৬ সে. মি.

4)
১২ সে. মি.

**ব্যাখ্যা :**

রম্বসের ক্ষেত্রফল = (½) × কর্ণদ্বয়ের গুণফল
= (½)×8×9 = 36 বর্গ সে.মি.

ধরি,
বর্গক্ষেত্রের বাহুর দৈর্ঘ্য = a সে.মি.
সুতরাং, $a^2 = 36$, অর্থাৎ, a = 6 সে.মি.
∴ বর্গক্ষেত্রটির পরিসীমা = 4a = (4×6) = 24 সে.মি.।

52) The word ‘permissive’ implies —

1)
humble

2)
law-abiding

✔ 3)
liberal

4)
submissive

**ব্যাখ্যা :**

Hello BCS

Permissive __________ অনুমোদনীয়

- humble _________সরল
- law-abiding _____আইন মান্যকরী
- liberal __________ উদারপন্থী
- submissive _____ অনুগত।

53)
If a person cannot stop taking drugs, he or she is –

1)
attached to them

2)
committed to them

✔ 3)
addicted to them

4)
devoted to them

ব্যাখ্যা :

addicted to them

Hello BCS

54)
$4^x+4^x+4^x+4^x$ এর মান নিচের কোনটি?

1)
$16^x$

2)
$4^{4x}$

✔ 3)
$2^{2x+2}$

4)
$2^{8x}$

ব্যাখ্যা :

$4^x+4^x+4^x+4^x = 4 \times 4^x = 2^2 \times 2^{2x} = 2^{2x+2}$

55) The only error in the sentence, “One of the recommendation made by the committee was accepted by the authorities” is —

✔ 1)
recommendation

2)
was

3)
accepted

4)
committee

**ব্যাখ্যা :**

One of the __ এর পর সব সময় plural noun বা Pronoun ব্যবহৃত হয়।

- অতএব, recommendation __ এর স্থলে হবে recommendations.

56) তিন সদস্যের একটি বিতর্কদলের সদস্যদের গড় বয়স 24 বছর। যদি কোনো সদস্যের বয়সই 21 বছরের নিচে না হয় তবে তাদের কোনো একজনের সর্বোচ্চ বয়স কত?

1)
25 বছর

✔ 2)
30 বছর

3)
28 বছর

4)
32 বছর

**ব্যাখ্যা :**

- 3 জনের গড় বয়স = 24 বছর। অতএব, 3 জনের মোট বয়স 24x 3 = 72 বছর।
- কারও বয়স 21 এর নিচে না হলে, 2 জনের সর্বনিম্ন বয়স = 21 x 2 = 42 বছর।
- অতএব 1 জনের সর্বোচ্চ বয়স = 72-42 = 30 বছর।

Hello BCS

57)
'Excise duty' এর বাংলা পারিভাষিক কোনটি?

1)
অতিরিক্ত কর

✔ 2)
আবগারি শুল্ক

3)
অর্পিত দায়িত্ব

4)
অতিরিক্ত দায়িত্ব

**ব্যাখ্যা :**

- Excise duty' এর বাংলা পারিভাষিক অর্থ হল আবগারি শুল্ক।

Hello BCS

58)
চর্যাপদ কোন ছন্দে লেখা?

1)
অক্ষরবৃত্ত

✔ 2)
মাত্রাবৃত্ত

3)
স্বরবৃত্ত

4)
অমিত্রাক্ষর

**ব্যাখ্যা :**

- বাংলা সাহিত্যের প্রাচীন নিদর্শন চর্যাপদ।
- ১৯০৭ সালে মহামহোপাধ্যায় হরপ্রসাদ শাস্ত্রী নেপাল হতে আবিষ্কার করেন। এটি মাত্রাবৃত্ত ছন্দে রচিত। চর্যাপদে সংস্কৃত পজ্ঝটিকা ছন্দের প্রভাব আছে। এর ভাষারীতি কথ্য।

59) একটি আয়তকার ঘরের প্রস্থ তার দৈর্ঘ্যর ২/৩ অংশ। ঘরটির পরিসীমা ৪০ মিটার হলে তার ক্ষেত্রফল কত ?

1)
৬০ বর্গমিটার

✔ 2)
৯৬ বর্গমিটার

3)
৭২ বর্গমিটার

4)
৬৪ বর্গমিটার

**ব্যাখ্যা :** আয়তক্ষেত্রের পরিসীমা, ২(দৈর্ঘ্য + প্রস্থ) এবং ক্ষেত্রফল = ক × খ
একটি আয়তকার ঘরের প্রস্থ তার দৈর্ঘ্যএর ২/৩ অংশ
দৈর্ঘ্য ধরতে হবে, ৩ক এবং প্রস্থ হবে ২ক
২(৩ক + ২ক) = ৪০
১০ ক = ৪০
ক = ৪
অতএব, ক্ষেত্রফল = ৩ক× ২ক
= ৩.৪ × ২.৪
= ১২ × ৮
= ৯৬

Hello BCS

60) স্টেইনলেস স্টিলের অন্যতম উপাদান কি?

1)
তামা

2)
দস্তা

✔ 3)
ক্রোমিয়াম

4)
অ্যালুমিনিয়াম

**ব্যাখ্যা :**

- ক্রোমিয়াম হচ্ছে স্টেইনলেস স্টিলের অন্যতম উপাদান।

61) We look forward ____ a response from you.

✔ 1)
to receiving

2)
to receive

3)
in receiving

4)
for receiving

**ব্যাখ্যা :**

Look forward to, with a view to, be used to, get used to ইত্যাদির পর কোনো verb আসলে উক্ত verb __ এর সাথে ing যুক্ত হয়।

62) বাংলাদেশের সংবিধান এ পর্যন্ত সংশোধিত হয়েছে–

1)
১৫টি

✔ 2)
১৭টি

3)
১৯টি

4)
২০টি

**ব্যাখ্যা :**

বাংলাদেশের সংবিধানে এখন পর্যন্ত ১৭ টি সংশোধনী আনা হয়েছে।

- সর্বশেষ ২০১৮ সালের ০৮ ই জুলাই সংবিধান (সপ্তদশ সংশোধন) বিল ২০১৮ জাতীয় সংসদে পাস হয়।

৫০টি নারী আসন একাদশ সংসদের প্রথম অধিবেশন থেকে আগামী ২৫ বছর পর্যন্ত বহাল থাকবে।

63) মহাজাগতিক রশ্মির আবিষ্কারক –

✔ 1) হেস

Hello BCS

2) আইনস্টাইন
3) টলেমী
4) হাবল

**ব্যাখ্যা :** ১৯৯২ সালে ভিকটর হেস মহাজাগতিক রশ্মি আবিষ্কার করেন।

64) $(\sqrt[3]{3} \times \sqrt[3]{4})^6$ = কত?

1) 12

2) 48

3) 36

✔ 4) 144

**ব্যাখ্যা :**

$(\sqrt[3]{3} \times \sqrt[3]{4})^6 = (\sqrt[3]{12})^6 = 12^2 = 144$

65) বাংলাদেশের আপিল বিভাগে মোট বিচারক –

1) ৯

✔ 2) ১১

3) ১৫

4) ২১

**ব্যাখ্যা :**

Hello BCS

'স্বাধীনতার পর সুপ্রিম কোর্টের আপিল বিভাগ ৫ জন বিচারপতি নিয়ে পরিচালিত হতো। ১৯৯১ সালে তা বৃদ্ধি করে ৭ জন করা হয়। ৯ জুলাই ২০০৯ রাষ্ট্রপতি সংবিধানের ৯৪ (২) ধারা মোতাবেক আপিল বিভাগে বিচারপতির সংখ্যা ৭ থেকে বাড়িয়ে ১১ তে উন্নীত করেন।

- উল্লেখ্য : সংবিধান অনুযায়ী আপিল বিভাগে বিচারপতির সংখ্যা বাড়ানোর এখতিয়ার রয়েছে একমাত্র রাষ্ট্রপতির।

সংবিধান বলা হয়েছে- 'রাষ্ট্রপতি যেরূপ সংখ্যক বিচারপতি প্রয়োজন বোধ করবেন, সেরূপ সংখ্যক বিচারপতি নিয়োগ দান করবেন।

66) কবিওয়ালা ও শায়েরের উদ্ভব ঘটে কখন?

✔ 1) আঠারো শতকের শেষার্ধে ও উনিশ শতকের প্রথমার্ধে
2) ষোড়শ শতকের শেষার্ধে ও সপ্তদশ শতকের প্রথমার্ধে
3) উনিশ শতকের শেষার্ধে ও বিংশ শতকের প্রথমার্ধে
4) সপ্তদশ শতকের শেষার্ধে ও আঠারো শতকের প্রথমার্ধে

**ব্যাখ্যা :** আঠারো শতকের শেষার্ধে ও উনিশ শতকের প্রথমার্ধে সামাজিক ও সাংস্কৃতিক বিপর্যয়ের মুখে কলকাতার হিন্দু সমাজে কবিওয়ালা ও মুসলিম সমাজে শায়েরদের উদ্ভব ঘটে। কবিওয়ালারা তৎকালীন বিশৃঙ্খল সমাজব্যবস্থায় যথেষ্ট খ্যাতি লাভ করেছিলেন। কবিওয়ালাদের মধ্যে উল্লেখ্যযোগ্য হলেন : গোঁজলা গুই, হরু ঠাকুর , ভবানী বেনে, নিতাই বৈরাগী।

67) Subject - verb agreement refers to —

1)
person only

2)
number, person and gender

✔ 3)
number and person

4)
number only

**ব্যাখ্যা :**

Subject __ Verb Agreement হচ্ছে subject __ এর number ও person অনুযায়ী verb __ এর পরিবর্তন। যেমন __ Subject 3rd person singular number হলে Present Indefinite Tense এ verb এর সাথে s /es যুক্ত হয় ।

Hello BCS

68) "Such claim needs to be tested empirically" suggest that--------

✔ 1)
The test should be based on experience

2)
The test should be based on idea

3)
The test should be based on assumption

4)
The test should be based on calculation

**ব্যাখ্যা :** বলা হচ্ছে যে 'এ ধরনের অভিযোগ অভিজ্ঞতার সাথে যাচাই করা প্রয়োজন। ঠিক এ কথাটিই option (ক) তে বলা হয়েছে।

69)
x/y এর সাথে কত যোগ করলে যোগফল y/x হবে?

1)
$(x^2-y^2)/xy$

2)
$(2x^2-y^2)/xy$

✔ 3)
$(y^2-x^2)/xy$

4)
$(x^2-2y^2)/xy$

**ব্যাখ্যা :**

$(y/x) - (x/y) = (y2-x^2)/xy$

70) পৃথিবীর বৃহত্তম বিমান বন্দরটি কোথায় অবস্থিত?

1)
নিউইয়র্ক

2)
লন্ডন

Hello BCS

3)
বার্লিন

✔ 4)
দাম্মাম

**ব্যাখ্যা :**

বর্তমানে পৃথিবীর বৃহত্তম বিমানবন্দর ইস্তাম্বুল বিমানবন্দর, তুরস্ক। ২৯/১০/২০১৮ তুরস্কের ৯৫তম প্রজাতন্ত্র দিবসে রাষ্ট্রপতি রিসেপ তাইয়েপ এরদোগান উদ্বোধন করেন।

71)
কোন বানানটি শুদ্ধ?

1)
পিপিলিকা

✔ 2)
পিপীলিকা

3)
পীপিলিকা

4)
পিপিলীকা

**ব্যাখ্যা :**

- কিছু শুদ্ধ বানান -----------
- পিপীলিকা, নির্নিমেষ, নির্দোষ,  ন্যূনতম,  নৃশংস,  নিক্কণ, নিক্বাণ, নিরীহ, নূপুর, নিশীথ, নিঃশেষ,  নৈরাজ্য, নৈরাশ্য, নৈঋর্ত,  নির্দোষ।

72)
লোহাকে গ্যালভানাইজিং করতে ব্যবহৃত হয়-----

1)
তামা

✔ 2)
দস্তা

3)

Hello BCS

রূপা

4)
অ্যালুমিনিয়াম

**ব্যাখ্যা :**

- গ্যালভানাইজিং-
- ইস্পাত বা লোহাকে মরিচার হাত থেকে রক্ষা করতে এর উপর জিংক বা দস্তার প্রলেপ দেয়া হয়।

73)
m সংখ্যক সংখ্যার গড় x এবং n সংখ্যক সংখ্যার গড় y হলে সব সংখ্যার গড় কত?

1)
(x+y)/mn

2)
(x+y)/(m+n)

✔ 3)
(mx+ny)/(m+n)

4)
(mx+ny)/mn

**ব্যাখ্যা :**

দেওয়া আছে,

- m সংখ্যক সমষ্টি= mx, এবং
- n সংখ্যক সমষ্টি = ny.
- মোট সংখ্যা = (m + n)
- সুতরাং, সকল সংখ্যার গড় = (mx+ny)/(m+n)

74) Each of the sons followed ___ father’s trade.

1)
their

2)
her

Hello BCS

✔ 3)
his

4)
whose

ব্যাখ্যা :

Grammar ___ এর নিয়মানুযায়ী Each, Every ইত্যাদি শব্দসমূহ his কে গ্রহণ করে।

75) বাংলা সাহিত্যের অন্যতম বিশিষ্ট পত্রিকা 'কল্লোল' কত সালে প্রকাশিত হয়?

✔ 1)
১৯২৩ সালে

2)
১৯২৪ সালে

3)
১৯২৫ সালে

4)
১৯২৭ সালে

ব্যাখ্যা :

- কল্লোল পত্রিকা -----------
- ১৯২৩ সালে দীনেশরঞ্জন দাশ কল্লোল পত্রিকাটি সম্পাদনা করেন। এই পত্রিকাটি ৭ বছর প্রকাশিত হওয়ার পর বন্ধ হয়ে যায়।

76) In many ways, riding a bicycle is similar to –

✔ 1)
driving a car

2)
when one drives a car

3)
when we drive a car

4)
the driving of a car

Hello BCS

**ব্যাখ্যা :**

riding a car থাকায় driving a car হবে।

- প্রশ্নে বলা হচ্ছে যে, সাইকেল চালনা ও গাড়ি চালনার অনুরুপ। এখানে সাইকেল চালনা ও গাড়ি চালনা একই হওয়ার এদের phrasal গঠন ও একই হবে

77) কোন গ্রন্থটি সুকান্ত ভট্টাচার্যের?

✔ 1)
হরতাল

2)
পালাবদল

3)
উত্তীর্ণ পঞ্চাশে

4)
অনিষ্ট স্বদেশ

**ব্যাখ্যা :**

- সুকান্ত ভট্টাচার্যকে বলা হয় কিশোর কবি। তার রচিত কাব্যগ্রন্থগুলো হচ্ছে - হরতাল, ছাড়পত্র, অভিযান, পূর্বাভাস, ঘুম নেই।

78) কোন বানানটি শুদ্ধ নয়?

1)
দরিদ্রতা

2)
উপযোগীতা

3)
শ্রদ্ধাঞ্জলি

✔ 4)
উর্দ্ধ

Hello BCS

**ব্যাখ্যা :**

- অপশনে থাকা দরিদ্রতা, উপযোগিতা, শ্রদ্ধাঞ্জলি বানানগুলি শুদ্ধ। উর্দ্ধ এর সঠিক বানানটি হচ্ছে ঊর্ধ্ব।

79)
মহাজাগতিক রশ্মি আবিষ্কার করেন কে?

✔ 1)
হেস

2)
আইনস্টাইন

3)
টলেমি

4)
হাবল

**ব্যাখ্যা :**

- ১৯৩৬ সালে মহাজাগতিকরশ্মি আবিষ্কারের জন্য নোবেল পুরস্কার লাভ করেন বিজ্ঞানী হেস।
- আলবার্ট আইনস্টাইন হচ্ছেন আপেক্ষিক তত্ত্বের জনক।

80)
কোনটি বিদ্যুৎ পরিবাহী নয়?

1)
তামা

2)
লোহা

3)
রূপা

✔ 4)
রাবার

**ব্যাখ্যা :**

- বিদ্যুৎ পরিবাহী পদার্থ --------

Hello BCS

- যে সকল পদার্থের ভিতর দিয়ে বিদ্যুৎ চলাচল করতে পারে তাকে বিদ্যুৎ সুপরিবাহী পদার্থ বলে। যেমন -
- তামা
- লোহা
- রূপা
- কার্বন
- পারদ
- মাটি
- মানবদেহ
- ধাতব পদার্থ
- কয়লা ইত্যাদি।
- অপশনে থাকা রাবার হচ্ছে বিদ্যুৎ অপরিবাহী পদার্থ।

81) If a part of a speech or writing breaks the theme, it is called –

1)
pomposity

2)
exaggeration

✔ 3)
digression

4)
anti-climax

**ব্যাখ্যা :** 'যদি কোনো বক্তব্য বা লেখা মূলভাব থেকে বিচ্যুত হয়ে পড়ে তখন তাকে digression (মূল প্রসঙ্গ থেকে বিচ্যুতি ) বলা হয়।

82) গীনিচ মানমন্দির অবস্থিত

✔ 1) যুক্তরাজ্যে
2) যুক্তরাষ্ট্র
3) ফ্রান্স
4) জার্মানি

**ব্যাখ্যা :** গীনিচ মানমন্দির যুক্তরাজ্যে অবস্থিত। এর উপর দিয়ে ০° দ্রাঘিমা রেল কল্পনা করা হয়।

83)
জন্ডিসে আক্রান্ত হয়--------------

✔ 1)

যকৃত

2)
কিডনি

3)
পাকস্থলী

4)
হৃদপিণ্ড

**ব্যাখ্যা :**

- জন্ডিস একটি ভাইরাস ঘটিত রোগ। এ রোগে মানব দেহের যকৃত, প্লীহা, রক্ত আক্রান্ত হয়।

84) বাংলাদেশের রাজধানী কোথায়?

1)
ঢাকা উত্তর

2)
ঢাকা দক্ষিণ

✔ 3)
ঢাকা

4)
শেরে বাংলা নগর

**ব্যাখ্যা :**

- বাংলাদেশ সংবিধানের ৫(১) অনুচ্ছেদ অনুযায়ী ঢাকা বাংলাদেশের রাজধানী।
- ১৯০৫ সালে লর্ড কার্জন বঙ্গভঙ্গ সম্পন্ন করলে নবগঠিত প্রদেশ পূর্ববঙ্গ ও আসাম এর রাজধানীর মর্যাদা পায় ঢাকা।
- ১৯৪৭ সালে পাকিস্তান সৃষ্টির পর ঢাকা পূর্ব পাকিস্তানের প্রাদেশিক রাজধানীর মর্যাদা পায় ।
- ১৯৭১ সালের ১৬ ডিসেম্বর ঢাকা হয় স্বাধীন বাংলাদেশের রাজধানী।

85)
যদি সেট A ={5, 15, 20, 30} এবং B= {3, 5, 15, 18, 20} হয় তবে নিচের কোনটি A∩B নির্দেশ করবে?

1)

Hello BCS

{3, 18, 30}

2)
{3, 5, 15, 18, 20, 30}

✔ 3)
{5, 15, 20}

4)
কোনটিই নয়

**ব্যাখ্যা :**

A∩B = {5, 15, 20, 30}∩{3, 5, 15, 18, 20} ={5, 15, 20}

86) বাংলাদেশের জাতীয় দিবস কবে?

1)
৭ই মার্চ

✔ 2)
২৬শে মার্চ

3)
১৭ই এপ্রিল

4)
১৬ই ডিসেম্বর

**ব্যাখ্যা :**

১৯৭১ সালের ২৫ মার্চ রাতে পাকিস্তানি সৈন্যদের নির্বিচার গণহত্যা ও ধ্বংসযজ্ঞের পর ১৯৭১ সালের ২৬ মার্চ বাংলাদেশের স্বাধীনতা ঘোষণা করা হয়, এবং তখন থেকেই স্বাধীনতা দিবস হিসেবে ২৬ মার্চ পালিত হয়ে আসছে।

- ১৯৮০ সালের ৩ অক্টোবর রাষ্ট্রপতি জিয়াউর রহমানের সরকার দিনটিকে জাতীয় ও স্বাধীনতা দিবস হিসেবে ঘোষণা করে।

87) "কেন পান্থ ক্ষান্ত হও হেরি দীর্ঘ পথ?" কার লেখা?

✔ 1)
কৃষ্ণচন্দ্র মজুমদার

Hello BCS

2)
ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর

3)
কামিনী রায়

4)
যতীন্দ্রমোহন বাগচী

**ব্যাখ্যা :**

- কৃষ্ণচন্দ্র মজুমদারের বিখ্যাত উক্তি-------
- "কেন পান্থ ক্ষান্ত হও হেরি দীর্ঘ পথ?
- চিরসুখী জন ভ্রমে কি কখন ব্যথিত বেদন বুঝিতে পারে?
- যে জন দিবসে মনের হরষে জ্বালায় মোমের বাতি।

88) শিল্পী জয়নুল আবেদীনের সংগ্রহশালা কোথায়?

1)
ঢাকা

✔ 2)
ময়মনসিংহ

3)
চট্টগ্রাম

4)
নড়াইল

**ব্যাখ্যা :**

১৯৭৫ সালে ময়মনসিংহে প্রতিষ্ঠিত হয় ‘জয়নুল আবেদিন সংগ্রহশালা’ জাদুঘরটি।

- বাংলাদেশের প্রধান ও সর্ববৃহৎ জাদুঘর ‘বাংলাদেশ জাতীয় জাদুঘর’ এর যে চারটি শাখা জাদুঘর রয়েছে তন্মধ্যে ‘জয়নুল আবেদিন সংগ্রহশালা’ অন্যতম।

89) 3 সে. মি., 4 সে. মি. ও 5 সে. মি. বাহুবিশিষ্ট তিনটি ঘনক গলিয়ে নতুন একটি ঘনক তৈরি করা হল। নতুন ঘনকের বাহুর দৈর্ঘ্য কত হবে?

1)
7.5 সে. মি.

Hello BCS

2)
6.5 সে. মি.

✔ 3)
6 সে. মি.

4)
7 সে. মি.

**ব্যাখ্যা :**

ঘনকের আয়তন = (বাহু)$^3$
১ম ঘনকের আয়তন = $(3)^3$ = 27 ঘন সে. মি.
২য় ঘনকের আয়তন =$(4)^3$ = 64 ঘন সে. মি.
৩য় ঘনকের আয়তন =$(5)^3$ = 125 ঘন সে. মি.
অর্থাৎ, নতুন ঘনকের আয়তন = 27 + 64 + 125 ঘন সে. মি. = 216 ঘন সে. মি.
নতুন ঘনকের বাহুর দৈর্ঘ্য x হলে , $x^3 = 216$ সে. মি.
সুতরাং, x = 6 সে. মি.

90)
$\sqrt[3]{\sqrt[3]{a^3}}$ = কত?

1)
a

2)
1

✔ 3)
a^⅓

4)
$a^3$

**ব্যাখ্যা :**

$\sqrt[3]{\sqrt[3]{a^3}} = \sqrt[3]{a} = a^{1/3}$

91) কবিগানের প্রথম কবি কে?

✔ 1)
গোজলা পুট (গুই)

2)
হরু ঠাকুর

3)
ভবাবী ঘোষ

4)
নিতাই বৈরাগী

**ব্যাখ্যা :**

- কবিওয়ালাদের মধ্যে সবচেয়ে প্রাচীন হলেন গোঁজলা গুই। কবিগানের অন্যান্য কবিরা হলেন-
- ভবানী, হরু ঠাকুর
- এন্টিনি ফিরিঙ্গি
- কেষ্টা মুচি
- রামবসু
- নিধুবাবু।

92)
সর্বাপেক্ষা হালকা গ্যাস----------------

1)
অক্সিজেন

✔ 2)
হাইড্রোজেন

3)
রেডন

4)
নাইট্রোজেন

**ব্যাখ্যা :**

গ্যাসীয় পদার্থের মধ্যে হাইড্রোজেন হচ্ছে সবচেয়ে হালকা গ্যাস। হাইড্রোজেনের একটি পরমাণুর ভর হচ্ছে - ১.৬৭৩ × ১০^-২৪

93)

Hello BCS

কোন চরণটি সঠিক?

✔ 1)
ধন ধান্যে পুষ্পে ভরা

2)
ধন্য ধান্যে পুষ্প ভরা

3)
ধণ্য ধান্যে পুষ্প ভরা

4)
ধন্যে ধান্যে পুষ্পে ভরা

**ব্যাখ্যা :**

- দ্বিজেন্দ্রলাল রায় এর বিখ্যাত নাটক 'সাজাহান'। এই নাটকের একটি বিখ্যাত উক্তি- "ধন ধান্যে পুষ্পে ভরা"।
- সঠিক উত্তর হল অপশন (ক)

94) $2^{3x-8} = 3^2$ হলে x এর মান কত?

1)
7/3

2)
3

3)
8/3

✔ 4)
2

**ব্যাখ্যা :**

- দেওয়া আছে,
- $36.2^{3x-8} = 3^2$
- => $2^{3x-8} = 9/36$
- => $2^{3x-8} = 1/4$
- => $2^{3x-8} = 2^{-2}$
- => 3x - 8 = -2

Hello BCS

- => 3x = 6
- => x = 2

95) Pick the word that is synonymous with ‘authoritarian’.

✔ 1)
autocratic

2)
senior

3)
elderly

4)
potential

**ব্যাখ্যা :**

Authoritarian ____ কঠোর শাসক।

- autocratic ___ স্বৈরাচারী, স্বৈরশাসক
- senior ________ ঊর্ধ্বতন
- elderly _______ বয়োজ্যেষ্ঠ
- potential______ রক্ষণশীল।

96)
পূর্বাশা দ্বীপের অপর নাম কি?

1)
নিঝুম দ্বীপ

✔ 2)
দক্ষিণ তালপট্টি

3)
কুতুবদিয়া

4)
সন্দ্বীপ

**ব্যাখ্যা :**

Hello BCS

সাতক্ষীরা জেলার শ্যামনগর উপজেলার অন্তর্গত বঙ্গোপসাগরের অগভীর সামুদ্রিক মহীসোপান এলাকায় জেগে ওঠা উপকূলবর্তী দ্বীপ 'দক্ষিণ তালপট্টি দ্বীপ'।

- ভারতে দ্বীপটি ‘পূর্বাশা’ আবার কখনও ‘নিউমুর দ্বীপ’ নামে অভিহিত করা হয়।

97) 'The Origin and Development of Bengali Language' গ্রন্থটি রচনা করেছেন-

1)
ড. মুহম্মদ শহীদুল্লাহ্

✔ 2)
ড. সুনীতিকুমার চট্টোপাধ্যায়

3)
হরপ্রসাদ শাস্ত্রী

4)
স্যার জর্জ গ্রিয়ারসন

**ব্যাখ্যা :**

- The Origin and Development of Bangali Language' গ্রন্থটি রচনা করেছেন ড. সুনীতিকুমার চট্টোপাধ্যায়। তাঁর এ গ্রন্থটি প্রকাশিত হয় ১৯২৬ সালে।

98) কোনটি সিমেন্ট তৈরির অন্যতম কাচামাল?

✔ 1)
জিপসাম

2)
সালফার

3)
সোডিয়াম

4)
খনিজ লবণ

**ব্যাখ্যা :**

- জিপসাম হচ্ছে সিমেন্ট তৈরির অন্যতম কাচামাল। সিমেন্টে ম্যাগনেসিয়াম অক্সাইড, সালফার ট্রাইঅক্সাইড, চুন, সিলিকা, লৌহ, অ্যালুমিনা রয়েছে।

Hello BCS

99) সাবাস বাংলাদেশ ভাস্কর্যটি অবস্থিত–

1)
টি এস সি মোড়

2)
ঢাকা বিশ্ববিদ্যালয়

3)
রেসকোর্স ময়দান

✔ 4)
রাজশাহী বিশ্ববিদ্যালয়ে

**ব্যাখ্যা :**

সাবাস বাংলাদেশ ভাস্কর্যটি রাজশাহী বিশ্ববিদ্যালয়ে অবস্থিত।

- স্থপতি শিল্পী নিতুন কুণ্ডু।

সাবাস বাংলাদেশ ভাস্কর্যটি বাংলাদেশের মুক্তিযুদ্ধের স্মৃতিবিজড়িত ভাস্কর্যগুলোর অন্যতম।

100) কোন ধাতু স্বাভাবিক তাপমাত্রায় তরল থাকে?

✔ 1)
পারদ

2)
লিথিয়াম

3)
জার্মেনিয়াম

4)
ইউরেনিয়াম

**ব্যাখ্যা :**

- প্রকৃতিতে প্রাপ্ত সবচেয়ে ভারী তরল পদার্থ হল পারদ। এর ভরসংখ্যা ২০০.৫৯। এটি সাধারণ তাপমাত্রায় তরল থাকে। তবে একমাত্র অধাতু ব্রোমিন সাধারণ তাপমাত্রায় তরল থাকে।

Hello BCS

101) কোন বাক্যটি শুদ্ধ?

✔ 1) তোমার গোপন কথা শোনা আমার পক্ষে সম্ভব নয়
2) দরিদ্রতা আমাদের প্রধান সমস্যা
3) সলজ্জিত হাসি হেসে মেয়েটি উত্তর দিল
4) সর্ব বিষয়ে বাহুল্যতা বর্জন করা উচিত

**ব্যাখ্যা :** ∎এখানে শুদ্ধ বাক্য --তোমার গোপন কথা শোনা আমার পক্ষে সম্ভব নয়।

---

ঘরে বসেই পড়ুন আর পরীক্ষা দিন হ্যালো বিসিএস এপে। ওয়েবসাইটে এক্সাম দিতে ভিজিট করুনঃ live.hellobcs.com

Hello BCS